

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বড় সুখবর

- বরাদ্দ ১৩২ কোটি ৪৩ লাখ টাকা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালন বাজেটের আওতায়

শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা এবং প্রশাসনিক ব্যয় নির্বাহে

১৩২ কোটি ৪৩ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। গতকাল বুধবার

(২৯ অক্টোবর) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ ও রাজস্ব

বিভাগের চিঠিতে এ তথ্য জানানো হয়। তবে অব্যয়িত অর্থ ২০২৬

সালের ৩১ মে'র মধ্যে ফেরত দিতে হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ ও রাজস্ব বিভাগের ওই

চিঠিতে জানানো হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে

ইন্টারনেট, ফ্যাক্স, টেলেক্স খাতে বরাদ্দ করা অর্থ থেকে মাসিক

এক হাজার টাকা হারে ইন্টারনেট বিল ও পরিষ্কার-পরিচ্ছন্নতা

খাতে বরাদ্দকৃত অর্থ থেকে মাসিক ৫০০ টাকা ব্যয় করতে হবে।

যেসব শিক্ষক মাসিক সমন্বয় সভায় যোগদান করেন এবং অন্যান্য

সরকারি কাজে বিভিন্ন স্থানে ভ্রমণ করে থাকেন, সেসব শিক্ষক

সরকারি বিধি মোতাবেক ভ্রমণ ব্যয় প্রাপ্ত হবেন।

৫



মেয়েকে ধর্ষণ অভিযোগ, বাবাকে পিটুনি দিয়ে পুলিশে
দিল এলাকাবাসী

এতে আরো বলা হয়, ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন বাজেটের

আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষক-

কর্মচারীদের বেতন-ভাতা এবং প্রশাসনিক ব্যয় নির্বাহের জন্য

সংযুক্ত বিভাজন মোতাবেক ১৩২ কোটি ৪৩ লাখ ৬৯ হাজার

২০০ টাকা সংশ্লিষ্ট ইউপিইও/টিপিইও বরাবর বরাদ্দ ও মণ্ডুরি

প্রদান করা হলো। সংশ্লিষ্ট ইউপিইও/টিপিইও'র আয়ন-ব্যয়ন

কর্তৃকর্তাকে বরাদ্দকৃত অর্থ বিধি মোতাবেক ব্যয় করার ক্ষমতা

দেওয়া হলো।

৬



বলের আঘাতে প্রাণ গেল অস্ট্রেলিয়ার প্রতিভাবান
ক্রিকেটারের

চিঠিতে আরো জানানো হয়, বরাদ্দকৃত অর্থ সরকারি বিধি

মোতাবেক ব্যয় করতে হবে।

যেকোনো প্রকার অনিয়মিত ব্যয়ের জন্য ব্যক্তিগতভাবে দায়ী

থাকবেন সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা।